# Times Today BD

তৌহিদুল ইসলাম | চট্টগ্রাম | 08 April, 2025

সেন্টমার্টিনের অদূরে বঙ্গোপসাগর থেকে অনন্ত ২২ জন জেলে সহ ৪টি মাছ ধরার ফিশিং ট্রলার অস্ত্রের মুখে জিম্মি করে ধরে নিয়ে গেছে মিয়ানমারের সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মি।

মঙ্গলবার বেলা সাড়ে ১১টার দিকে টেকনাফের সেন্টমার্টিন দ্বীপের অদূরে মৌলভীরশীল নামক এলাকার বাংলাদেশ জলসীমানা থেকে অস্ত্রের মুখে জিম্মি করে ৪টি ফিশিং ট্রলার মাঝিমাল্লাসহ ধরে নিয়ে গেছে বলে জানান টেকনাফ পৌরসভার কায়ুকখালীয়া ফিশিং ট্রলার মালিক সমিটির সাধারন সম্পাদক আবুল কালাম।

তিনি বলেন, মঙ্গলবার সকালে সেন্টমাটিনের অদুরে মাছ শিকারের সময় মিয়ানমারের সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মি (এএ) সদস্যরা স্পিড বোট যোগে এসে মাছ শিকারত ট্রলারগুলো ধরে নিয়ে যায়।এরমধ্যে একটি ট্রলারের মালিক আমি, অপরটির মালিক মোহাম্মদ শাওন।এই দুইটিতে ১১ জন জেলে রয়েছে।এছাড়া একই স্থান থেকে আরও দুটি মাছ ধরার ট্রলার ধরে নেওয়া গেছে।তবে সেগুলোর মালিক ও ট্রলারের নাম জানা যায়নি।ওই দুটিতে ও ১০-১২জন জেলে থাকতে পারে।

তিনি বলেন, 'কিছুদিন পর পর  আরাকান আর্মি এ ধরনের ঘটনা করছে।ট্রলার মালিক ও মাছ ব্যবসায়ীসহ জেলেদের মাঝে আতঙ্ক বিরাজ করছে।তাছাড়া এটি সমাধানে সরকারের সহযোগিতা কামনা করছি আমরা।'

সাবরাং ইউনিয়নের ৭নং ওযার্ডের ইউপি সদস্য আবদুল মান্নান বলেন,'সাগর থেকে আবারো মাছ ধরার ট্রলার চারটি ধরে নিয়ে যাওয়ার বিষয়টি শুনেছি।তবে সেগুলো কোন ঘাটে ট্রলার তা জানা যায়নি।তাছাড়া সাগরে মাছ ধরতে যাওয়া আমার এলাকা বেশ কয়েকটি ট্রলারকে ধাওয়া করেছে আরাকান আর্মির সদস্যরা।ট্রলারগুলো ফেরত আসলে জানা যাবে।'

জানতে কোস্টগাড টেকনাফ ষ্টেশনের লেঃ কমান্ডার সালাউদ্দিন রশিদ তানভীর বলেন, টেকনাফ পৌরসভার কায়ুকখালীয়া ঘাটের দুটি ট্রলারের ১১জন জেলেসহ দুটি ট্রলার ধরে নিয়ে গেছে আরাকান আমি।এর বাহিরেরও আরও কিছু তথ্য পাওয়া যাচ্ছে।এ ব্যাপারের নিশ্চিত না হয়ে কিছু বলা যাচ্ছে না।

টেকনাফ-২ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. আশিকুর রহমান বলেন, সাগর থেকে ট্রলার ধরে নিয়ে যাওয়ার বিষয়ে খোঁজ খবর নেওয়া হচ্ছে বলে তিনি জানান।

টেকনাফ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শেখ এহসান উদ্দিন বলেন, 'মাছ ধরার ট্রলারসহ জেলেদের ধরে নিয়ে যাওয়ার বিষয়টি

শুনেছি।এ ঘটনায় আইনশৃঙ্খলাবাহিনীদের সাথে আলোচনা করে তাদের ফেরত আনার চেষ্টা চালানো হবে।

আরাকান আর্মি জেলে বিজিবি কোস্টগাড বঙ্গোপসাগর সেন্টমার্টিন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:47

URL: https://www.timestodaybd.com/chittagong/503568014